গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

নং-১৮.০০.০০০০.০১৬.১৮.০০৭.২০১৭-১৪৮১ তারিখঃ- ০১-০৮-২০১৭খ্রিঃ।

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত সভার কার্যবিবরনী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে গত ২০ জুলাই ২০১৭ তারিখে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

(জাজরীন নাহার)
সিনিয়র সহকারী সচিব (প্রশা-১)
ফোন: ৯৫১৫৫৫১
sas.admin1@mos.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। চেয়ারম্যান,চবক/মোবক/পাবক/বাস্থবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/জাতীয় নদী রক্ষা কমিশন।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৪। যুগ্ম সচিব(সকল) যুগ্মপ্রধন(পরিঃ), নৌপরিবহন মন্ত্রণালয়।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
৭। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম।
৮। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম।
৯। উপসচিব (সকল)/উপপ্রধান (পরিঃ), নৌপরিবহন মন্ত্রণালয়।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
১১। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
১২। সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
১৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১৪। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন)/(বাণিজ্যিক)/(উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়।
১৫। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী, নৌপরিবহন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

**বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত সভার কার্যবিবরনী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব শাজাহান খান, এম. পি<br>মাননীয় মন্ত্রী, নৌপরিবহন মন্ত্রনালয়। |
| তারিখ | ঃ | ২০ জুলাই ২০১৭ খ্রিঃ। |
| সময় | ঃ | ২.৩০ ঘটিকা। |
| স্থান | ঃ | নৌপরিবহন মন্ত্রণালয় সভাকক্ষ। |
| সভায় উপস্থিতি কর্মকর্তাগণের তালিকা | ঃ | পরিশিষ্ট-ক। |

১। সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এ পর্যায়ে সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় জনান যে, আগামী ১৫ আগস্ট ২০১৭ তারিখ মঙ্গলবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ৪২ তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্য কর্মসূচী চূড়ান্ত করণের লক্ষ্যে এ সভা আহবান করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) মন্ত্রিপরিষদ বিভাগের গত ৫ জুলাই ২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার নির্দেশনা মোতাবেক জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে এ মন্ত্রণালয় সম্পর্কিত প্রস্তাবিত কর্মসূচী সভায় উপস্থাপন করেন।

২। আগামী ১৫ আগস্ট ২০১৭ তারিখে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় ও ভাব গম্ভীর পরিবেশে পালনের উদ্দেশ্য সভায় বিভিন্ন দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ তাঁদের আগ্রহ ব্যক্ত করে আলোচনায় অংশগ্রহণ করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত কর্মসূচী পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। সিদ্ধান্ত ঃ-

৩.১। আগামী ১৫ আগস্ট ২০১৭ তারিখ মঙ্গলবার নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থার ভবন সমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে;

৩.২। ধানমন্ডি ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গনে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে মন্ত্রণালয়ের পক্ষ হতে ব্যানারসহ ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে মন্ত্রণালয়ের সকল কর্মকর্ত/কর্মচারীগণ ১৫ আগস্ট সকাল ৭.৩০ টার মধ্যে কলাবাগান মাঠের সামনের রাস্তায় সমবেত হবেন;

৩.৩ অন্যান্য দপ্তর/সংস্থার প্রধান ও প্রতিনিধিগণ নিজ নিজ দপ্তর সংস্থার পক্ষ হতে মন্ত্রণালয়ের সাথে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করবেন;

৩.৪। জেলা ও উপজেলা পর্যায়ে অবস্থিত দপ্তর/সংস্থার অফিস সমূহে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য জাতীয় কর্মসূচীর সঙ্গে সঙ্গতি রেখে সুবিধাজনক সময়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করবে;

৩.৫। জেলা ও উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারী কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিত করণের লক্ষ্যে দপ্তর/সংস্থা সমূহ সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে এবং মনিটরিং করবে;

৩.৬। সকল দপ্তর/সংস্থা নিজ নিজ কার্যালয়ে আলোচনা অনুষ্ঠান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনীর উপর ভিত্তি করে ডকুমেন্টরী প্রদর্শন ও মিলাদ মাহফিলের আয়োজন করবে;

৩.৭। বিআইডব্লিউটিএ'র মিলনায়তনে বিকাল ৩.০০ টায় আলোচনা সভার আয়োজন করা হবে;

৩.৮। আলোচনা সভা, ডকুমেন্টরী প্রদর্শন, আপ্যায়ন, মিলাদ মাহফিলসহ সাংস্কৃতিক অনুষ্ঠান সফলভাবে আয়োজনসহ সার্বিক প্রস্তুতি গ্রহণের নিমিত্ত নিম্নরূপ একটি কমিটি গঠন করা হল ঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | যুগ্ম সচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয় | - | আহবায়ক। |
| ২। | সদস্য (প্রশাসন ও অর্থ), পায়রা বন্দর কর্তৃপক্ষ | - | সদস্য। |
| ৩। | পরিচালক (প্রশাসন), জাতীয় নদীরক্ষা কমিশন | - | সদস্য। |
| ৪। | পরিচালক (প্রশাসন), নৌপরিবহন অধিদপ্তর | - | সদস্য। |
| ৫। | সচিব, বিআইডব্লিউটিসি | - | সদস্য। |
| ৬। | সচিব, বিআইডব্লিউটিএ | - | সদস্য সচিব। |

৩.৯। জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আগামী ১৫ আগস্ট ২০১৭ তারিখে বিআইডব্লিউটিএ তে অনুষ্ঠিতব্য আলোচনা সভা ও মিলাদ মাহফিলে ঢাকাস্থ সকল দপ্তর/সংস্থার প্রধানসহ কর্মকর্তা/কর্মচারীগন উপস্থিত থাকবেন;

৩.১০। মন্ত্রণালয়ের পক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদনের জন্য মন্ত্রণালয়ের প্রশাসন উইং ফুলের তোড়া এবং ব্যানারসহ এ সংক্রান্ত সার্বিক প্রস্তুতি নিশ্চিত করবে।

৪। পরিশেষে সভাপতি জাতীয় শোক দিবস ২০১৭ যথাযোগ্য মর্যাদায় ও ভাব গাম্ভীর্যের সঙ্গে পালনের লক্ষ্যে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহনের অনুরোধ জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বা/:
( শাজাহান খান, এম. পি)
মাননীয় মন্ত্রী
নৌপরিবহন মন্ত্রণালয়

G:\SARMIN OFFICE-2017\Rejulation-2017.docx